শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

পিতর এবং প্রার্থনার শক্তি



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest
Alastair Paterson
অভিযোজন: Ruth Klassen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।



যীশুর সম্বন্ধে বলার জন্য প্রেরতি পিতর দেশের সর্বত্র ভ্রমণ করেছিল। একদিন লুদ্দা নামে এক শহরে, তিনি এক শয্যাগত ব্যক্তির সাথে সাক্ষাৎ করলেন। ব্যক্তিটি আট বছর পক্ষাঘাত অবস্থায় পড়েছিলেন। পিতর বলল, “যীশু খ্রীস্ট তোমায় সুস্থ করলেন, ওঠ ও তোমার শয্যা পাত।” লোকটি তৎক্ষনাৎ উঠে পড়ল। যে সমস্ত লোকরা দেখল, তারা ঈশ্বরের দিকে ফিরল।

নিকটবর্তী যাফো শহরের লোকেরা দুঃখিত ছিল। দর্কা নামে একজন খ্রীস্টিয়ান মহিলা সবেমাত্র মারা গিয়েছিল। তার দুঃখিত বন্ধুরা তাকে কবর দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিল। তারা তাকে উপরিস্থ কক্ষে রাখল, যেখানে তারা একসাথে শোক করছিল।





কিন্তু দর্কার বন্ধুরা শুনল যে, পিতর সেখানে এসেছে। তারা পিতরকে যাফোতে আসার জন্য বলল। যখন তিনি উপরিস্থ কক্ষে এলেন, দর্কা তাদের জন্য যে সমস্ত পোশাক বানিয়েছিল, এক বিধবা মহিলা সেগুলি তাদের দেখাচ্ছিল। প্রত্যেকে কাঁদছিল।

কিন্তু পিতর সবাইকে বাইরে
বার করে দিলেন ও হাঁটু গেড়ে
প্রার্থনা করল এবং দেহটির
দিকে ফিরে বলল, “দর্কা ওঠ।”
সে তার চোখ খুলল ও
পিতরকে দেখে
উঠে বসল।



পিতর তার হাত ধরে বসালেন এবং তিনি সাধু সন্তদের (খ্রীস্টিয়ান) ও বিধবা মহিলাদের ডেকে দর্কাকে জীবন্ত দেখালেন। এই ঘটনাটি সমস্ত যাফেতে পরিচিত হয়ে পড়ল এবং অনেকে ঈশ্বরের প্রতি বিশ্বাস করল।

যাফোতে সমুদ্রের পাশে একটি ঘরে পিতর অনেক দিন ছিলেন। একদিন পিতর ঐ ঘরের ছাদে প্রার্থনা করতে গিয়েছিল। যদি তিনি শহরের দেওয়ালের বাইরে তাকিয়ে দেখতেন, তাহলে তিনি হয়তো

তিনজন পথিককে দেখতে পেতেন,
যারা তাকে খুঁজছিল।

এই লোকগুলো ছিল রোমীয় সৈন্য কর্ণেলীয়ের সেবক, যিনি একজন ঈশ্বরের উপাসক ছিলেন। কর্ণেলীয়, পিতরকে খুঁজতে তার সেবকদের পাঠালেন, কারণ এক স্বর্গদত তাকে স্বপ্নে এই কথা বলেছিলেন।



“পিতরের জন্য লোক পাঠাও। যিনি শিমোনের নামে একজন চর্মপ্রস্তুতকারকের সাথে রয়েছে, যার বাড়ি সমুদ্রের পাশে। তোমাকে কী করতে হবে, তা তিনি তোমাকে বলবেন।”

পিতর যখন ছাদের উপর প্রার্থনা করছিল, ঈশ্বর তাকে এক দর্শন দিলেন, এটা মনে হচ্ছিল যে, একটা বিরাট চাদর পৃথিবীতে নামিয়ে দেওয়া হয়েছে। ঐ চাদরের মধ্যে পশু ও পাখিরা ছিল। পিতর সেগুলিকে অশুচি বলতে পারত। ইহুদি ধর্মে এগুলো খাওয়ার অনুমতি ছিল না। হঠাৎ একটি স্বর তার কাছে এল, “ওঠ পিতর, মার ও খাও।”

পিতর ঈশ্বরকে বললেন, “এটা না হোক প্রভু, আমি কোনও দিন অশুচি অথবা অপবিত্র জিনিস খাইনি।” দ্বিতীয়বার কণ্ঠস্বরটি বললেন, “ঈশ্বর যেটা শুচি করেছেন, তুমি তাকে অশুচি বোলো না।” এটা তিনবার হল। এবং ঐ চাদরটা আবার স্বর্গে তুলে নেওয়া হল।



এই স্বপ্নের মানেটা পিতর বুঝতে পারল না। যখন তিনি এই বিষয়ে চিন্তা করছিলেন, ঈশ্বর তাকে বললেন তিনজন লোক তাকে খুঁজছেন এবং তাদের সাথে তার যাওয়া উচিত। তিনজন লোক পিতরকে বলল যে, এক স্বর্গদূত কর্ণেলীয়কে তার জন্য লোক পাঠাতে বলেছিলেন। পিতর জানত, ঈশ্বর তাকে নেতৃত্ব দিচ্ছেন। তার পরের দিন তিনি আর তার ছয় বন্ধু কর্ণেলীয়ের বাড়িতে গিয়েছিলেন।





একজন অইহুদি ব্যক্তির বাড়িতে যাওয়ার জন্য ঈশ্বর রাস্তা তৈরি করেছিলেন। পিতর বুঝতে শুরু করেছিলেন যে, ঈশ্বর সমস্ত ধরনের লোকদের প্রেম করেন, আর ঈশ্বর চান, সমস্ত জাতি যেন জানতে পারে যে, যীশুই এই পৃথিবীর পরিত্রাতা। পিতর যখন এলেন, কর্ণেলীয় নতজানু হয়ে তাকে প্রণাম করলেন।

পিতর কর্ণেলীয়কে বলল, “উঠে দাঁড়াও, আমি একজন মানুষ।” তারপর তিনি ঘরের মধ্যে থাকা সমস্ত লোকদের বললেন, “তোমরা জান অন্য কোনও জাতির লোকদের সাথে যোগ দেওয়া কিংবা তাদের সাথে মেলামেশা করা যিহূদীর পক্ষে অবিধেয়।” “কিন্তু ঈশ্বর আমাকে দেখিয়েছেন যে, কোনও মানুষকে অপবিত্র ও অশুচি বলা অনুচিত।”

পিতর পরজাতিয়দের (অইহুদি) বললেন যে, যীশু ঈশ্বরের পুত্র যিনি ক্রুশের উপর মারা গিয়েছিলেন এবং পৃথিবীর পরিত্রাতা হিসাবে তিনি আবার উঠেছিলেন। তখন পবিত্র আত্মা সবার উপরে আসলেন এবং তারা ঈশ্বরের প্রসংসা করতে লাগল। পিতরের ছয় বন্ধুরা আস্চর্য হয়ে গিয়েছিল। এটা পবিত্র আত্মা পাওয়ার সময়ের মতো লাগছিল। পবিত্র আত্মার দান প্রত্যেক পরজাতিয়দের উপর দেওয়া হয়েছিল। পিতর তখন যীশুর নামে তাদের বাপ্তাইজিত করলেন।



জেরুশালেমেতে পরজাতিয়দের সাক্ষাৎ করাতে, অন্যান্য খ্রীস্টিয়ানরা পিতরকে বকছিল। সুতরাং পিতর ও কর্ণেলীয় প্রার্থনার সময় যে দর্শন পেয়েছিলেন, সে বিষয়ে তাদের বললেন। তারা যখন এই বিষয়টা শুনল, তখন জেরুশালেমের খ্রীস্টিয়ানরা চুপ হয়ে গেল। তারা ঈশ্বরের মহিমা করলেন, যারা প্রার্থনার মধ্যে ছিলেন, তারা দেখতে পেলেন যে, খ্রীস্টিয়ানদের মণ্ডলীতে ঈশ্বর সকলকে প্রেম করেন।

পিতর এবং প্রার্থনার শক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

প্রেরিত ৯-১২

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬